

৯

রাজশাহী মেডিকেল কলেজ

অনির্দিষ্টকালের জন্য

বন্ধ ঘোষণা করা হয়েছে

ছাত্র ইউনিয়ন ও ছাত্রমৈত্রী কর্মীদের মধ্যে সৃষ্ট উত্তেজনার প্রেক্ষিতে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী গতকাল রাজশাহী মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল দুপুরে একাডেমিক কাউন্সিলের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। ছাত্ররা গতকাল বিকেল ৪টা থেকে ছাত্রাবাস ছেড়ে চলে যেতে শুরু করেছে। আজ সকাল ৮টার মধ্যে ছাত্রীদের হল ছেড়ে চলে যাওয়ার নির্দেশ দেয়া হয়েছে। খবর রাজশাহী থেকে বুলবুল আহমেদ।

উল্লেখ্য, গত ২ সেপ্টেম্বর একজন ছাত্র ইউনিয়ন কর্মীকে নিজেদের দলে ভেড়ানোর চেষ্টাকালে ছাত্রমৈত্রী ও ইউনিয়ন কর্মীদের মধ্যে সংঘর্ষ বেধে যায়। ছাত্র-ছাত্রীরা জানিয়েছে, গতকাল কলেজ ক্যাম্পাস শান্ত ছিলো। তবে সন্ধ্যার দিকে ছাত্রদের হল ভ্যাগের সময় সোলাদীঘির মোড়ে দু'সংগঠনের কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কীদানে গ্যাস ছুড়েছে।

এদিকে আলাদা আলাদা বিবৃতিতে ছাত্র ইউনিয়ন ও ছাত্রমৈত্রী একটি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে কলেজ বন্ধ ঘোষণার নিন্দা জানিয়েছে এবং অবিলম্বে কলেজ খোলার দাবি জানিয়েছে।